



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ

ইমেইলঃ prompa6@gmail.com
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd



ফেইসবুক পেইজঃ মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”

প্রেস রিলিজ

“নৌপরিবহন প্রতিমন্ত্রীর জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন”

বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে ২২ আগস্ট, ২০২১ তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষের আয়োজনে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী গোপালগঞ্জের টুঞ্জিপাড়ায় জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় মাননীয় প্রতিমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাগণ এবং ঢাকায় অবস্থানর দপ্তর/সংস্থার প্রধান ও বোর্ডের সদস্যগণ। এছাড়াও উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ক্যাপ্টেন এম আব্দুল ওয়াদুদ তরফদার, সদস্য (হারবার এন্ড মেরিন), মোঃ ইমতিয়াজ হোসেন, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), মোংলা বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) মোঃ শাহীনের আলমসহ মোংলা বন্দরের অন্যান্য কর্মকর্তাগণ।

এসময় প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, “নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, জিয়া পরিবার, খুনি পরিবার। খুনি জিয়া যে হত্যাকাণ্ড শুরু করেছিল; খালেদা জিয়া ও তারেক জিয়া একই পথে হেটেছে। তারা খুনি পরিবার হিসেবে চিহ্নিত। খুনিরা যাতে মাথা উচু করে দাড়াতে না পারে সে ব্যাপারে সতর্ক থাকতে হবে। খুনিদের বাংলার জনপদ ব্যবহার করতে দেয়া হবেনা। বঙ্গবন্ধুর খুনিদের বিচার করা হয়েছে। ২১শে আগস্ট গ্রেনেড হামলার খুনিদের খুজে বের করে বিচার করা হবে এবং দেশে ফিরিয়ে এনে বিচার করা হবে।

এরপর প্রতিমন্ত্রী মোংলা বন্দরের আয়োজনে টুঞ্জিপাড়াস্থ গিমাডাঙ্গা নাসেরিয়া ফাজিল মাদ্রাসা ও এতিমখানায় দুস্থ ও এতিমদের মধ্যে খাবার বিতরণ করেন। দুস্থ ও এতিমদের মাঝে খাবার বিতরণ শেষে উপস্থিত সবাই মোংলা বন্দরের আয়োজনে বঙ্গবন্ধু মাজার মসজিদ কমপ্লেক্সে বিশেষ দোয়া মাহফিলে যোগদান করেন।

স্বাক্ষরিত/-

উপসচিব